

বাক্বিতে দিনভর উত্তেজনা

- ক্লাসে যাননি
বিএনপিপন্থী
শিক্ষকরা
- শিক্ষকদের ক্লাসে
ফেরার আহ্বান
জানিয়ে সাধারণ
শিক্ষার্থীদের মিছিল
- ছাত্রদল ও শিবির
ঠেকাতে ছাত্রলীগের
সশস্ত্র মহড়া



বি: কালের বর্ষ

বিভিন্ন দাবিতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বিএনপিপন্থী শিক্ষক সংগঠন সোনালী দল গতকাল ক্যাম্পাসে মৌনে মিছিল বের করে।

বাক্বি প্রতিনিধি ▶

চলমান নিয়োগ প্রক্রিয়া বন্ধ ও বহিরাগত ছাত্রলীগ নেতার দৃষ্টান্তমূলক পাত্রির দাবিতে রবিবার থেকে অনির্দিষ্টকালের জন্য সব ধরনের ক্লাস-পরীক্ষা বর্জন শুরু করেছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাক্বি) বিএনপিপন্থী শিক্ষকদের সংগঠন সোনালী দল। এর ফলে রবিবার বিভিন্ন অনুষদের ক্লাস টেপে অন্তর্ভুক্ত হয়নি। এদিকে ক্যাম্পাসে ছাত্রদল ও শিবিরের প্রবেশ ঠেকাতে দিনভর সশস্ত্র মহড়া দিতে দেখা যায় ছাত্রলীগ নেতা-কর্মীদের।

হরতালের সমর্থনে ছাত্রদল মিছিল নিয়ে ক্যাম্পাসে ঢোকার চেষ্টা করলে ধাওয়া করে ছাত্রলীগ। এ সময় পাঁচ রাউন্ড ওপির শব্দ শোনা যায়। অন্যদিকে বিএনপিপন্থী শিক্ষকদের ক্লাসে ফেরার আহ্বান জানিয়ে সাধারণ শিক্ষার্থীদের বানারে ক্যাম্পাসে মিছিল করেছে বিভিন্ন অনুষদীয় ছাত্র সমিতি।

বিএনপিপন্থী শিক্ষকদের মৌনে মিছিল : বিএনপিপন্থী শিক্ষকদের সঙ্গে নয়মবসিৎহে শহর ছাত্রলীগ নেতার অসৌজন্যমূলক আচরণের বিচার এবং নিয়োগ কারিজা বন্ধের দাবিতে লাগাতার আন্দোলনের অংশ হিসেবে রবিবার থেকে সব অনুষদে অনির্দিষ্টকালের জন্য ক্লাস পরীক্ষা বর্জন করে বিএনপিপন্থী শিক্ষকরা দুপুরে ক্যাম্পাসে মৌনে মিছিল বের করে। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজি অ্যান্ড হাইজিন বিভাগীয় গ্যালারি থেকে শুরু হয়ে বিভিন্ন অনুষদ প্রদক্ষিণ করে। ক্লাস-পরীক্ষা বর্জন ও দাবির বিষয়ে সোনালী দলের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আবুল হাশেম বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন দাবি না মানা পর্যন্ত আমাদের ক্লাস বর্জন কর্মসূচি অব্যাহত থাকবে।

এদিকে বিএনপিপন্থী শিক্ষকদের ক্লাসে ফেরার আহ্বান জানিয়ে সাধারণ শিক্ষার্থীদের বানারে দুপুর ১২টায় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে বিভিন্ন অনুষদীয় ছাত্র সমিতি। সমাবেশে বিএনপিপন্থী শিক্ষকদের অবিলম্বে ক্লাসে ফেরার আহ্বান জানান বিভিন্ন অনুষদীয় ছাত্র সমিতির নেতারা।

ছাত্রলীগের সশস্ত্র মহড়া : ক্যাম্পাসে ছাত্রদল ও শিবিরের প্রবেশ ঠেকাতে দিনভর সশস্ত্র মহড়া দিয়েছে ছাত্রলীগ নেতা-কর্মীরা। রবিবার সকাল সাড়ে ১১টার দিকে হরতালের সমর্থনে ছাত্রদল মিছিল নিয়ে ক্যাম্পাসের শেষ প্রান্ত ফনিলের মোড় গেট দিয়ে প্রবেশ করার চেষ্টা করলে পুলিশ বাধা দেয়। পুলিশের বাধা ডিঙিয়ে ছাত্রদল নেতা-কর্মীরা ক্যাম্পাসে ঢোকার চেষ্টা করলে ছাত্রলীগ তাদের ধাওয়া করে। এ সময় পাঁচ রাউন্ড ফাঁকা ওপি ছোড়ে ছাত্রলীগ।

এদিকে বিএনপিপন্থী শিক্ষকদের দাবির সঙ্গে একাত্মতা প্রকাশ করে ক্যাম্পাসে সহাবস্থানের দাবিতে রবিবার ক্লাস-পরীক্ষা বর্জন করে ছাত্রদল ও ছাত্রশিবিরের নেতা-কর্মীরা। রবিবার বাক্বি সাংবাদিক সমিতিতে পাঠানো আলাদা সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় সংগঠন দুটি। বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিহিতি সম্পর্কে জানতে উপাচার্য অধ্যাপক ড. মো. রফিকুল হকের মোবাইল ফোনে অনেকবার চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। তবে এ ব্যাপারে ছাত্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মুনতান উদ্দিন ভূঞা বলেন, বিএনপিপন্থী শিক্ষকরা আযৌতিক দাবিতে আন্দোলন করছেন। আত্র (রবিবার) উপাচার্য বিশ্ববিদ্যালয়ের সব অনুষদের তিন ও বিভাগীয় প্রধানের সঙ্গে আলোচনা করে সংকট নিরসনের ব্যবস্থা নেবেন।